



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

নথি নং -বিঅ-৬/৭২৬৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৭৫২

তারিখ: ০৮-০৮-২০২২

বিষয়: তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

সূত্র : অভিযোগকারীর ০৩-০৮-২০২২ তারিখের আবেদন (আইডি- (১৭৫৮৭)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার সদর উপজেলাধীন লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের চলমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব এনামুল হক ও সাবেক প্রধান শিক্ষকের বিরুদ্ধে জনাব মো: জাহাঙ্গীর আলম একটি অভিযোগ দাখিল করেছেন। তিনি অভিযোগে উল্লেখ করেছেন যে, বিদ্যালয়ের শ্রেণিকক্ষের সামনে তিনটি কড়ই গাছ, একটি মেহেগনী গাছ ও একটি বকুল ফুলের গাছ ম্যানেজিং কমিটির সভাপতি নিলামে নিজের নামে ক্রয় করে লক্ষাধিক টাকা আত্মসাত করেছেন। এমতাবস্থায়, উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন অতিসত্ত্বর নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য নির্দেশক্রমে আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৮-০৮-২০২২

(ড. বিশ্বাস শাহিন আহম্মদ)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

02477762705

উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সংযুক্তি: অভিযোগের ছয়ালিপি

নথি নং-বিঅ-৬/৭২৬৫/৩৭.১১.৪০৪১.৫০১.০১.৬.২০.১১৭৫২ (৬)

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৪। প্রধান শিক্ষক, লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়, রতনহাট, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৫। অভিযোগকারী, জনাব মো: জাহাঙ্গীর আলম (০১৮৬০-৩৬৩০৯৯), ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
- ৬। অফিস নথি।

তারিখ: ০৮-০৮-২০২২

০৮-০৮-২০২২

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

02477762705

বরাবর

চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা মাধ্যমিক
শিক্ষা বোর্ড, যশোর।

বিষয়: সভাপতির বিরুদ্ধে প্রতারণামূলক টেন্ডার এর মাধ্যমে টাকা দুর্নীতি ও সভাপতির পদ
অব্যহতি প্রসঙ্গে।

মহোদয়

যথাবিহীত সন্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, কিনাইদহ সদর উপজেলাধীন লাউদিয়া মাধ্যমিক বিদ্যালয়ের টেন্ডার ছাউনী শ্রেণী কক্ষের সম্মুখে তিনটি কড়ই গাছ, একটি মেহেগনী গাছ ও একটি বকুল ফুলের গাছ কর্তনের জন্য ১৪/০৭/২০২২ ইং তারিখের টেন্ডার আহ্বান করেন। উক্ত টেন্ডার প্রক্রিয়ায় সাবেক প্রধান শিক্ষক মোঃ রুহন আমিন যিনি ০৫/০৬/২০২২ ইং তারিখে অবসর গ্রহন করেন তিনি তার অবসরের পরেও অবৈধভাবে গোপনে টেন্ডার প্রক্রিয়ার আহ্বান থেকে শুরু করে টেন্ডার প্রদান পর্যন্ত সকল কার্যক্রমে সক্রিয় ভূমিকা রেখেছেন এবং সকল কাগজপত্রে স্বাক্ষর করেছেন যা প্রতারণার সাক্ষ্য। উক্ত গাছগুলো আনুমানিক বাজার মূল্য প্রায় ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা হলেও মাত্র ৩৬,৭০০/- (ছত্রিশ হাজার সাতশত) টাকায় সাবেক প্রধান শিক্ষকের সহযোগীতায় বর্তমান সভাপতি এনামুল হক নিজের নামে নিলাম ক্রয় করেন। সাবেক প্রধান শিক্ষক ও সভাপতি এনামুল হক প্রায় লক্ষাধিক টাকার বেশি দুর্নীতি ও প্রতারণার মাধ্যমে আত্মসাধ করেছেন। এমতাবস্থায় এলাকাবাসী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও জেলা শিক্ষা অফিসার বরাবর ২৮/০৭/২০২২ তারিখে অভিযোগ দাখিল করিলে উপজেলা নির্বাহী কর্মকর্তা গাছগুলো প্রশাসনের মাধ্যমে নিজের হিফাযতে নিয়ে আসেন।

অতএব, মহোদয় সমীপে আবেদন এই যে, উক্ত বিদ্যালয়ের সভাপতি এনামুল দুর্নীতির বিরুদ্ধে যথাযথ তদন্ত সাপেক্ষে অব্যহতি প্রদান করিতে আপনার নিকট মর্জি হয়।

বিনীত নিবেদক

এলাকাবাসী

সংযুক্ত:

১। ভূয়া টেন্ডার বাজির বিরুদ্ধে বিভিন্ন অফিসে অভিযোগ।

স্বঃ এনামুল হক